

প্রিয় অভিজিতবাবু ও বন্যা,
প্রথমেই আমার প্রস্তাব নিয়ে চিন্তাভাবনার জন্য ধন্যবাদ জানাই আপনাকে।
আপনি যে প্রশ্নগুলি তুলেছেন সেগুলি খুবই গুরুত্বপূর্ণ। আমাদের কোনো
ভবিষ্যত পদক্ষেপ গ্রহণের আগে সেগুলি নিয়ে যথেষ্ট ভাবতে হবে সে বিষয়ে
আমিও একমত।

আপনি প্রথমেই আমাকে অনুরোধ করেছেন, প্রস্তাবিত সাইটের ভারগ্রহণের
জন্য। এক্ষেত্রে তথ্য সংগ্রহ ও সম্পাদনার দায়িত্ব আমায় নিতে হবে। আমি
আপনাকে জানাতে চাই, আমি সাহিত্যের ছাত্র, তাই বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ বা
রচনার যাচাই করার ভার আমার পক্ষে নেওয়া সঠিক হবে না। তাছাড়া
টেকনিক্যাল ক্ষেত্রেও আমার পারদর্শিতা বিশেষ নেই। তাই সম্পাদনার দায়িত্ব
একা আমার পক্ষে নেওয়া অসম্ভব। এক্ষেত্রে মুক্তমনার অন্য লেখক বা
পাঠকদের সহায়তা একান্ত কাম্য। আমার মনে হয় মুক্তমনার আড়াই হাজার
সদস্যের মধ্যে কেউ না কেউ ঠিক এগিয়ে আসবেন আমাদের পাশে।

দ্বিতীয়ত লেখার বিষয় নিয়ে মাথাব্যথার কারণ নেই। আমরা মুক্তমনায় যে
ধরনের লেখা মূলত লিখি, তাই ছোটদের উপযোগী করে লেখা যায়। এ প্রসঙ্গে
আপনাদের প্রস্তাবও কাজে লাগানো যায়।

পাঠক নিয়ে আপনি যে আশঙ্কা প্রকাশ করেছেন তা ভীষণই গুরুত্বপূর্ণ। তবে
ছোটদের ওয়েবসাইট এমনিতেও যে চলে না তা নয়। আর আমাদের উদ্দেশ্য
শুধু ছোট নয়, কিশোর-কিশোরী এমনকি ১৮-১৯ বছরের ছেলেমেয়েদের
জন্যেও আমাদের লেখা থাকবে। বিজ্ঞান বিষয়ক ওয়েবসাইটের পাঠকের অভাব
হবে তা ভাবা বোধহয় ঠিক নয়। পশ্চিমবঙ্গে বিজ্ঞানের জনপ্রিয়তা তুঙ্গে।
যুক্তিবাদে অরুচিও দিনদিন কাটছে। তাই জনপ্রিয় বিজ্ঞান ও যুক্তিবাদী লেখা
ঠিকভাবে পাঠকের ঘরে পৌঁছতে পারলে তার ভবিষ্যত নিয়ে চিন্তা করতে হবে
না।

লেখকদের ব্যাপারে জানাব, আমরা নিজেরা কি ছোটদের জন্য দু পাতা লেখার সময় বার করতে পারি না? ওয়েবসাইটটি পাক্ষিক বা মাসিক হলে আমরাই লেখার অনেক সময় পাব। অর্থাৎ পক্ষে বা মাসে একবার ওয়েবসাইটে সংযোজন হবে। বন্যা লেখার স্টাইল সম্পর্কে ভাল কথা বলেছেন। আমরাই একমাত্র তা করতে পারি। প্রথমেই বিখ্যাত ব্যক্তিদের প্রয়োজন নেই।

পরিশেষে জানাই, আমি দু'একজনের সহায়তা পেলে নিশ্চয় এই দায়িত্ব নেতে পারব। এজন্য মুক্তমনা গ্রুপে খোলামেলা আলোচনা হওয়া দরকার। পশ্চিমবঙ্গে বিজ্ঞাপনের দায়িত্ব আমি নেব, তাতে অনেক উপকার হবে বলে আমার ধারণা। আপাতত, মুক্তমনায় সদস্যদের বিজ্ঞপিত করুন এই মর্মে যে আর কেউ এই প্রজেক্টে সক্রিয় অংশ নেবে কিনা।

আমার বিশ্বাস, আমরা সাহায্য পাব।

অর্ণব
কলকাতা